

স্বাস্থ্য যাচাইকরণ প্রশ্নাবলী

DOE ফ্যাসিলিটিগুলোতে সকল DOE কর্মচারী, দর্শনার্থী, এবং পরিবারদের অবশ্যই একটি স্বাস্থ্য যাচাইকরণ পূরণ করতে হবে। এই স্বাস্থ্য যাচাইকরণ প্রতিদিন উপস্থিত হবার পূর্বে পূরণ করতে হবে। এই স্বাস্থ্য যাচাইকরণ অনলাইনেও পূরণ করা সম্ভব হবে:

<https://healthscreening.schools.nyc/>. ভবন বা ফ্যাসিলিটিতে প্রবেশের পর, যদি আপনি ইতোমধ্যে অনলাইনে স্বাস্থ্য যাচাইকরণ পূরণ না করে থাকেন, তাহলে আপনাকে নিচের প্রশ্নগুলোর জবাব দিতে বলা হবে।

1. আপনি COVID-19-এর উপসর্গগুলো আপনার মাঝে লক্ষ্য করেছেন কি, এতে রয়েছে 100.0 ডিগ্রি F কিংবা এরচেয়ে বেশি, নতুনভাবে কাশি শুরু, নতুনভাবে স্নাদ কিংবা ঘ্রাণশক্তি বিলোপ অথবা বিগত 10 দিনের মাঝে শ্বাস কষ্ট?

- না। পরবর্তী প্রশ্নটি দেখুন।
- হ্যাঁ, এবং আমার COVID-19 পরীক্ষার ফলাফল নেগেটিভ হয়েছে এবং বিগত 24 ঘন্টায় কোনো উপসর্গ দেখা যায়নি। পরবর্তী প্রশ্নটি দেখুন।
- হ্যাঁ, এবং আমি উপরোক্ত শ্রেণীবিভাগে অন্তর্ভুক্ত নই। না আরো যাচাই করা প্রয়োজন। কর্মী/দর্শনার্থী ভবনে প্রবেশ করতে পারবে না।

2. বিগত 10 দিনে, মুখের লাল কিংবা একটি নাক বা গলার সোয়াব ব্যবহার করে COVID-19-এর একটি পরীক্ষা বা টেস্টে পজিটিভ ফলাফল পেয়েছেন কি (কোনো রক্ত পরীক্ষা নয়) যেটা আপনার প্রথম পজিটিভ ফলাফল ছিল অথবা আপনার পূর্ববর্তী পজিটিভ ফলাফল থেকে 90 দিন পর?

- না। পরবর্তী প্রশ্নটি দেখুন।
- হ্যাঁ না আরো যাচাই করা প্রয়োজন। কর্মী/দর্শনার্থী ভবনে প্রবেশ করতে পারবেন না।

3. আপনার জানা মতে, বিগত 14 দিনে, এমন কেউ যার COVID-19 পরীক্ষায় প্রথমবারের মত পজিটিভ ফলাফল এসেছে কিংবা তাকে বলা হয়েছে যে তার COVID-19-এর উপসর্গগুলো রয়েছে এমন কারো কাছাকাছি (6 ফিট-এর মধ্যে অন্তত 10 মিনিটের জন্য) এসেছিলেন কি? এই পরিস্থিতিতে যেসব ক্লিনিক্যাল স্টাফ যথাযথ PPE পরিহিত ছিলেন তাদের কাছাকাছি এসেছে বলে বিবেচনা করা হয়না।

- না। পরবর্তী প্রশ্নটি দেখুন।
- হ্যাঁ না আরো যাচাই করা প্রয়োজন। কর্মী/দর্শনার্থী ভবনে প্রবেশ করতে পারবেন না।

4. বিগত 14 দিনের মধ্যে আপনি নিউ জার্সি, পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ম্যাসাচুসেটস্ ব্যতীত অন্য কোনো স্টেট, অথবা আন্তর্জাতিকভাবে ভ্রমণ করে এসেছেন কি?

- না। কর্মী/দর্শনার্থী ভবনে প্রবেশ করতে পারবে।
- হ্যাঁ, 24 ঘন্টার কম সময়ের জন্য, এবং নিউ ইয়র্কে ফিরে আসার পর চতুর্থ (4) দিন আমি একটি COVID পরীক্ষা করেছি বা করবো। কর্মী/দর্শনার্থী ভবনে প্রবেশ করতে পারবে।
- হ্যাঁ, 24 ঘন্টার বেশী সময়ের জন্য, এবং নিউ ইয়র্কে আসার পূর্বে 72 ঘন্টার মধ্যে COVID পরীক্ষা করেছি, নিউ ইয়র্কে আসা মাত্র তিন দিনের জন্য কোয়ারেন্টাইন করেছি, এবং আমার আগমনের পর চতুর্থ (4) দিন দ্বিতীয় COVID পরীক্ষা করেছি। কর্মী/দর্শনার্থী ভবনে প্রবেশ করতে পারবে।
- হ্যাঁ, এবং আমি উপরোক্ত দুইটি শ্রেণীবিভাগে অন্তর্ভুক্ত নই। কর্মী/দর্শনার্থী ভবনে প্রবেশ করতে পারবে না।

পরিস্থিতি পরিবর্তনের সাথে সাথে NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন সুপারিশ পরিবর্তন করতে পারে।

11.17.20

PRE-K
FOR ALL

EARLY
LEARN

3-K
FOR
ALL

HEAD
START